গনপ্রজাতন্ত্রী বাংলাদশে সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কালীগঞ্জ, লালমনরিহাট এর সেবা সমূহ নিম্নরুপ:

| ক্রং নং | সেবাসমূহের বিবরণ | কি সেবা কিভাবে পাবেন |
|---|---|---|
| ০১ | ভিডব্লিউবি (ভালনারেবল উইমেন বেনেফিট) কার্যক্রম | বিনা মূল্যে এই সেবা প্রদান করা হয় এবং ইউনয়িন পরিষদ হতে অন-লাইনে আবেদন করতে হয়। উপকারভোগীর ইউনিয়ন পরিষদ হতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা তার প্রতিনিধি, ট্যাগ অফিসার ও চুক্তিবদ্ধ এনজিও কর্মীর উপস্থিতিতে খাদ্যশস্য (চাল) প্রদান করা হয়। চুক্তিবদ্ধ এনজিওদের মাধ্যমে আয়বর্ধক ও সচেতনতামূলক প্রশিক্ষণ দেওয়া হয়।<br>উপকারভোগীর মেয়াদকাল = ০২ বছর |
| ০২ | দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় মা ও শিশু সহায়তা কর্মসূচি | ইউনিয়ন পরিষদ হতে অন-লাইনে আবেদন করতে হয়। ভাতাভোগীদেরকে প্রতিমাসে = ৮০০/- টাকা প্রদান করা হয়। বিনা মূল্যে এই সেবা প্রদান করা হয়। এনজিওদের মাধ্যমে সচেতনতামূলক প্রশিক্ষণ এবং স্বাস্থ্যসেবা প্রদান করা হয়।<br>উপকারভোগীর মেয়াদকাল = ০৩ বছর |
| ০৩ | মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) | বিনা মূল্যে এই সেবা প্রদান করা হয়। অত্র কার্যালয় হতে আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে প্রশিক্ষণ গ্রহণের জন্য আবদেন ফরম সংগ্রহ করতে হয়।<br>প্রশিক্ষণের মেয়াদকাল = ০৩ মাস |
| ০৪ | উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য়) সংশোধিত প্রকল্প | বিনা মূল্যে এই সেবা প্রদান করা হয়। অত্র কার্যালয় হতে বিজ্ঞপ্তি মোতাবকে ফ্যাশন ডিজাইন ও ফুট প্রসেসিং ট্রেডে অন-লাইন আবদেন করতে হয়।<br>প্রশিক্ষণের মেয়াদকাল = ০৩ মাস |
| ০৫ | দু:স্থ মহিলাদের কে আত্মকমর্সংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | অত্র কার্যালয় হতে প্রশিক্ষণ প্রাপ্ত দু:স্থ ও অসহায় মহিলাদেরকে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়। ১/২ বছর মেয়াদে এই সুবিধা প্রদান করা হয় এবং সার্ভিস চার্জ সহ মাসিক ১০/২২ কিস্তিতে পরিশোধ করতে হয়। |
| ০৬ | দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল | প্রতি বছর অত্র কার্যালয় হতে বিনা মূল্যে এই সেবা প্রদান করা হয়। আবেদন পত্র অত্র কার্যালয় হতে গ্রহণ করত হয়। |
| ০৭ | "কিশোর-কিশোরী ক্লাব" স্থাপন প্রকল্প | ০৯ হতে ১৯ বছর বয়স পর্যন্ত কিশোর-কিশোরী দেরকে সংগীত ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষণ বিষয়ে ভর্তির জন্য অত্র কার্যালয় অথবা সংশ্লিষ্ট ইউনিয়নের ক্লাবে যোগাযোগ করতে হবে।<br>প্রশিক্ষণের মেয়াদকাল = ০১ বছর |
| ০৮ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধ ও আইনি সুরক্ষা | সেবাপ্রত্যাশি ঘটনার বিবরণ ও সালিশনামাসহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট বরাবরে প্রতিকার চেয়ে আবেদন করতে হবে।<br>মামলা সংক্রান্ত: আদালত কর্তৃক প্রাপ্ত মামলার তদন্তকরণ সাপেক্ষে প্রতিবেদন কোর্টে প্রেরণ করা হয়। |